

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েবসাইট : www.bb.org.bd

বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০১/২০১৫

তারিখ : ২৫ পৌষ, ১৪২১
০৮ জানুয়ারি, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণ/চিহ্নিতকরণ ও চিহ্নিত ঝুঁকি মোকাবেলায় কার্যকর ব্যবস্থা গ্রহণের নিমিত্তে প্রণীত গাইডলাইন জারীকরণ প্রসঙ্গে।

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদণ্ড নির্ধারণকারী প্রতিষ্ঠান Financial Action Task Force (FATF) এর ১ নম্বর সুপারিশে প্রতিটি দেশের আর্থিক খাতের বিভিন্ন প্রতিষ্ঠান যেমন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বিমা কোম্পানী, সিকিউরিটিজ মার্কেট ইন্টারমিডিয়েরিজ ও Designated Non Financial Businesses and Professions (DNFBPs) কে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণপূর্বক উক্ত ঝুঁকি মোকাবেলায় কার্যকরী ব্যবস্থা গ্রহণের উল্লেখ রয়েছে। এদিকে, মানিলভারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ এর বিধি ২১(১) অনুসারে প্রতিটি রিপোর্ট প্রদানকারী সংস্থা নির্দিষ্ট সময় অন্তর অন্তর তাদের ঝুঁকি নিরূপণপূর্বক তা ব্যবহার/বাস্তবায়নের পূর্বে অনুপূঞ্জ পর্যালোচনার জন্য বিএফআইইউতে প্রেরণ করার বিধান রয়েছে।

২। ব্যাংকসমূহ কর্তৃক নিজ নিজ প্রতিষ্ঠানের মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি মোকাবেলায় কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে “Money Laundering and Terrorist Financing Risk Assessment Guidelines for Banking Sector” শীর্ষক গাইডলাইন প্রণয়ন করা হয়েছে যা মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩ (১)(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জারী করা হলো। গাইডলাইনটি বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট (http://www.bb.org.bd/aboutus/dept/bfiu/bfiu_lawguidelist.php) হতে ডাউনলোড করা যাবে।

৩। আলোচ্য গাইডলাইনটির আলোকে তফসিলী ব্যাংকসমূহ নিজ নিজ প্রতিষ্ঠানের ঝুঁকি নিরূপণ/চিহ্নিত করবে। ব্যাংকসমূহকে চিহ্নিত ঝুঁকি মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে নিজস্ব গাইডলাইন প্রণয়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে আগামী ৩১ মার্চ, ২০১৫ তারিখের মধ্যে এ ইউনিটে প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

উল্লেখ্য, আলোচ্য গাইডলাইনের আলোকে চিহ্নিত ঝুঁকি ও তা মোকাবেলায় গৃহীতব্য কার্যকর ব্যবস্থা বাংলাদেশ ব্যাংক কর্তৃক “Core Risk Management” এর আওতায় প্রণীত ‘Guidance Notes on Prevention of Money Laundering’ এর ইনপুট হিসেবে ব্যবহৃত হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নাসিরুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১১৮

প্রতিলিপি নং- বিএফআইইউ(পলিসি)-৪/২০১৫-৭৫

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/সদরঘাট, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৩. গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. নির্বাহী পরিচালক মহোদয়গণ/অর্থনৈতিক উপদেষ্টা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমী, মিরপুর-২, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর-২, ঢাকা।
৯. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২ কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাভূর্ত এভিনিউ, বনানী, ঢাকা।
১১. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।



(তারুন তপন ত্রিপুরা)

উপ পরিচালক

ফোন : ৯৫৩০০১০-৭৫/২৪৭৬

ই-মেইল : tarun.tripura@bb.org.bd